

## অপূর্ব এক মিলনায়তন

এমন কোনো হল কি আছে যার মেঝেতে কাপেটের পরিবর্তে থাকবে ঘাস, উপরে ছাদ নয়, থাকবে বিশাল বটবৃক্ষের ছায়া, আর সকালের সোনা রোদ থেকে আসবে আলো? যারা গত শনিবার সকালে অ্যাশফিল্ড পার্কে প্রতীতির বর্ষবরণ অনুষ্ঠানে এসেছিলেন তারা ঠিক এমনি একটি হলে বসে প্রতিবছর বরণ করেন বৈশাখের আগমন। যারা এ অনুষ্ঠান দেখেননি তারা ঠিক অনুমান করতে পারবেন না এ পরিবেশের মাহত্ব।

সিডনীতে যারা একটু একটু করে মিনি বাংলাদেশ গড়ে তুলছেন প্রতীতির সংগঠক ও পরিচালক সিরাজুস সালেকিন তাদের একজন। রমনার বটমূল সিডনীতে পেতে চাইলে এপ্রিলের মাঝামাঝি অ্যাশফিল্ড পার্কে আসুন। এ অনুষ্ঠানে বসে গান শুনতে শুনতে আপনি ভুলে যাবেন রমনা থেকে অ্যাশফিল্ডের দুরত্ব।

## প্রধান অতিথীর জন্য পাঁচ মিনিট

অনুষ্ঠান সময়মত শুরু করার ব্যাপারে প্রতীতির সুনাম আছে। ওদের সাড়ে নয়টা মানে ৯:৩০, ৯:৩১ নয়। ঠিক সাড়ে নয়টায় সালেকিন ঘোষণা করলেন আমাদের প্রধান অতিথী এখনো এসে পৌঁছাননি। আমরা তার জন্য পাঁচ মিনিট অপেক্ষা করবো। প্রধান অতিথী অবশ্য পাঁচ মিনিটের মধ্যেই এসেছিলেন।



## শহীদ মিনার

গত ফেব্রুয়ারী মাসে এই অ্যাশফিল্ড পার্কেই নির্মিত হয়েছে দেশের বাইরে প্রথম স্থায়ী শহীদ মিনার। সেই মিনারকে সামনে রেখেই তৈরী হয়েছিল প্রতীতির মঞ্চ। একদিকে মিনার অন্যদিকে বটমূল - সৃষ্টি হয়েছিল অপূর্ব একটি পরিবেশ। বাঙ্গালী পরিবেশ। এই মিনার নির্মাণ নিয়ে কমিউনিটিতে কিছু ভুলবোঝাবুঝি সৃষ্টি হয়েছে তাতে কোনো সন্দেহ নেই। অনুষ্ঠানে শুধু অবাঙ্গালী কনসাল জেনারেল অ্যাগ্‌নী কুরী ছাড়া আর কেউ এই নব নির্মিত মিনারটি সম্পর্কে কিছু বলেননি। ক্ষুদে শিল্পী মাহিমা অবশ্য নিরবে জগপন করে গেছে তার শ্রদ্ধা। সে বড়দের ভুলবোঝাবুঝির উর্ধে।

## শ্রেষ্ঠ বাঙ্গালী

কমিউনিটিতে দৃষ্টান্ত মূলক অবদানের জন্য প্রতি বছর প্রতীতি একজন বাঙ্গালীকে মনোনিত করে শ্রেষ্ঠ বাঙ্গালী পদকের জন্য। নিউ সাউথ ওয়েলস এর উচ্চ মাধ্যমিক পাঠ্যক্রমে বাংলা চালু করার ব্যাপারে বিশেষ অবদানের জন্য এবছর পদক পেলেন বাংলা প্রসার কমিটির সভাপতি জনাব আব্দুল জলিল।